মেহেরপুরে বিশ্ব মানবাধিকার দিবস পালিত

মেহেরপুরে বিশ্ব মানবাধিকার দিবস ও জেলা আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের উদ্যোগে অসহায়দের মাঝে সহায়তা উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ শনিবার (১০ ডিসেম্বর) বেলা ১১ টার সময় মল্লিক পাড়াস্থ কার্যালয়ে আলোচনা সভা ও সহায়তা উপকরণ বিতরন করা হয়।

জেলা আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের সভাপতি কামরুজ্জামান খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম ।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক রফিকুল আলম। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের সদ্যসরা।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা আইন সহায়তা কেন্দ্র ফাউন্ডেশনের যুগ্ন সাধারণ সম্পাদক ও হেল্প ফাউন্ডেশনের নিবার্হী পরিচালক দিলারা জাহান ।

অনুষ্ঠান শেষে অসহায় পরিবারকে সাবলম্বী করে গড়ে তোলার লক্ষে হেল্প ফাউন্ডেশনের সহায়তায় রুমা খাতুন কে একটা সেলাই মেশিন এবং নাছিমা, সেলিনা ও প্রতিবন্ধি জাহাঙ্গীরকে অর্থ সহায়তা প্রদান করা হয়।